


নং-১৫.৫৩.০০০০.০১৭.৩৮.০০২.১৮. ১৬ ২

তারিখ: ৩১/০১/১৯

**বিষয়: জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম, এমপি এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সচিবালয় মসজিদে আয়োজিত দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠান সরাসরি সম্প্রচার।**

আগামী ০৭ জানুয়ারি ২০১৯ তারিখ সোমবার বাদ জোহর (সম্ভাব্য সময় বেলা ১টা) জনপ্রশাসন মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম, এমপি এর বিদেহী আত্মার মাগফেরাত কামনা করে সচিবালয় মসজিদে আয়োজিত দোয়া ও মিলাদ মাহফিল আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানটি বিটিসিএল লাইনের মাধ্যমে বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জে ও এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট [www.betar.gov.bd](http://www.betar.gov.bd) থেকে সরাসরি সম্প্রচার হবে।

- ২। অনুষ্ঠানের সময়সূচি পরিবর্তনের ক্ষেত্রে সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন ও আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা, জনপ্রশাসন মন্ত্রণালয় এর সাথে যোগাযোগপূর্বক সমন্বয় করে অনুষ্ঠানটি যথাসময়ে প্রচার নিশ্চিত করবেন।
- ৩। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারকালীন ঢাকা-ক এর অনুষ্ঠান প্রচার দুপুর ১২ টা ১০ মিনিট বন্ধ না হয়ে মিলাদ মাহফিল প্রচার শেষে বিরত হবে/নিজস্ব কর্মধারায় ফিরে যাবে।
- ৪। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, সদর দপ্তর, সচিবালয় জামে মসজিদ ঢাকা থেকে জাতীয় বেতার ভবন পর্যন্ত টেলিফোন লাইন বুক করবেন। এ সংক্রান্ত ব্যয় আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা-র টেলিফোন খাত থেকে পরিশোধ হবে।
- ৫। উক্ত অনুষ্ঠান সরাসরি সম্প্রচারের জন্য সিনিয়র প্রকৌশলী, জাতীয় বেতার ভবন যাবতীয় প্রকৌশল দায়িত্ব পালন করবেন।
- ৬। অনুষ্ঠানটি সম্প্রচারকালীন মহাশক্তি প্রেরণ কেন্দ্রে বিদ্যুৎ/যান্ত্রিক বিঘ্ন ঘটলে উক্ত অনুষ্ঠান ঢাকা-খ ৮১৯ কিলোহার্জে, এফ.এম ১০৬.০ মেগাহার্জে এবং ওয়েব সাইট [www.betar.gov.bd](http://www.betar.gov.bd) থেকে সম্প্রচার হবে।
- ৭। অনুষ্ঠানটি সম্প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও উপস্থাপক-উপস্থাপিকাদের ডিউটি পাশ সংগ্রহের ব্যবস্থা গ্রহণ করবেন, অনুষ্ঠান প্রচারের পূর্বে ঘোষণা/প্রমো প্রচারের মাধ্যমে শ্রোতাদের অবহিত করার ব্যবস্থা গ্রহণ করবেন এবং অনুষ্ঠানটি যথাযথভাবে প্রচারের জন্য সংশ্লিষ্ট সকলের সাথে যোগাযোগ এবং সমন্বয়সহ প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণ করবেন।
- ৮। অনুষ্ঠান প্রচারের মাঝে ফিলার প্রচারের ক্ষেত্রে সংশ্লিষ্ট শাখা অনুমোদিত অনুষ্ঠান/গানের তালিকা অনুসরণ করবে।
- ৯। অনুষ্ঠানটি সূষ্ঠাভাবে প্রচারের জন্য আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীদের পূর্বাঙ্কে দায়িত্ব অর্পণ করবেন এবং তিনি/তঁার প্রতিনিধি সম্প্রচার বুথে উপস্থিত থেকে অনুষ্ঠান সম্প্রচার তত্ত্বাবধান করবেন।
- ১০। বর্ণিত অনুষ্ঠানের ওপর প্রতিবেদন সংবাদে প্রচারের জন্য পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।
- ১১। উক্ত অনুষ্ঠান শুরু ২ ঘণ্টা পূর্বে সংশ্লিষ্ট বহিঃসম্প্রচার দলকে অনুষ্ঠানস্থলে উপস্থিত থাকার জন্য নির্দেশনা প্রদান করা হলো।
- ১২। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার সদর দপ্তর-এ সংক্রান্ত প্রেস বিজ্ঞপ্তি প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

  
(কামাল আহমেদ)  
পরিচালক (অনুষ্ঠান)  
মহাপরিচালকের পক্ষে।  
ফোন: ০২-৪৪৮১৩০৭৪

[dp.program.betar@gmail.com](mailto:dp.program.betar@gmail.com)

**বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-**

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)/প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার (সংশ্লিষ্ট কর্মকর্তাদের নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
- ২। পরিচালক, বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার ঢাকা/অতিরিক্ত প্রধান প্রকৌশলী, বাংলাদেশ বেতার ধামরাই, ঢাকা।
- ৩। সিনিয়র প্রকৌশলী/আবাসিক প্রকৌশলী, গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার, সদর দপ্তর (দপ্তর আদেশটি ওয়ের সাইটে প্রকাশের অনুরোধসহ)/জাতীয় বেতার ভবন, বাংলাদেশ বেতার, ঢাকা/উচ্চশক্তি প্রেরণ কেন্দ্র-১/২, সাভার, ঢাকা।
- ৪। পরিচালক, লিয়াজোঁ, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ৫। আঞ্চলিক পরিচালক, বাংলাদেশ বেতার ঢাকা।